করণত্বম্। বনস্য বৃক্ষষণ্ডরূপস্য রজস্তমঃপ্রাধান্যাৎ। অতএব বিবিক্তত্বলক্ষণতদীয়-সাত্ত্বিকগুণস্যাপি তদযুগলমিশ্রত্বেন গৌণত্বম্। বাসক্রিয়ায়াস্তু সত্ত্বোৎপন্নত্বাত্তদ্বর্দ্ধনত্বাচ্চ সাত্ত্বিকত্বে মুখ্যত্বমিতি তস্যা এবাভিধেয়ত্বমুচিতম্। অতএব গ্রাম্য ইতি তদ্ধিতান্ত এব পঠিতঃ। এবং দ্যূতসদনমিত্যত্র চ বাসক্রিয়ৈব বিবক্ষিতা। মন্নিকেতমিত্যত্রাপি। কিন্তু ভগবৎসম্বন্ধমাহাত্ম্যেন নিকেতস্যাপি নির্গুণত্বং ভবেৎ স্পর্শমণিন্যায়েন। তাদৃশত্বন্তু তাদৃশভক্তিচক্ষুর্ভিরেবোপলব্ধব্যং, দিবিষ্ঠাস্তত্র পশ্যন্তি সর্ব্বানেব চতুর্ভুজানিতিবৎ। এবমেব টীকা চ—ভগবন্নিকেতন্তু সাক্ষাত্তদাবির্ভাবান্নির্গুণং স্থানমিত্যেষা। এবং বাসমাত্রস্য তাদৃশত্বমুক্ত্বা সর্ব্বাসামেব তৎক্রিয়াণামাহ—সাত্ত্বিকঃ কারকোঽসঙ্গী রাগান্ধো রাজসঃ স্মৃতঃ। তামসঃ স্মৃতিবিভ্রষ্টো নির্গুণো মদপাশ্রয়ঃ॥ ১৩৬॥

অত্র চ ক্রিয়ায়ামেব তাৎপর্য্যং ন তদাশ্রয়ে দ্রব্যে। সাত্ত্বিককারকস্য শরীরাদিকং হি গুণত্রয়পরিণতমেব। তদেবং ক্রিয়ামাত্রস্য তাদৃশত্বমুক্ত্বা তৎপ্রবৃত্তিহেতুভূতায়াঃ শ্রদ্ধায়া অপ্যাহ—সাত্ত্বিক্যাধ্যাত্মিকী শ্রদ্ধা কর্ম্মশ্রদ্ধা তু রাজসী। তামস্যধর্ম্মে যা শ্রদ্ধা মৎসেবায়াস্তু নির্গুণা। ১৩৭॥ অধর্ম্মঃ অপরধর্ম্মঃ। অন্যৎ পূর্ব্ববৎ ॥১১॥২৫॥ শ্রীভগবান্॥ ১৩৬॥ ১৩৭॥

বানপ্রস্থাশ্রমীগণের বনসম্বন্ধিনী বাসক্রিয়া সাত্ত্বিক। এইপ্রকার গৃহস্থগণের গ্রামে বাস রাজস, দুরাচারগণের জুয়াখেলা, মদ্যপান, মিথ্যাপ্রবঞ্চনা প্রভৃতি যে স্থানে হয়, সেইস্থানে বাস করাটি তামস। কিন্তু ভগবৎ সেবাপরায়ণ ভক্তগণের শ্রীভগবন্মন্দিরে বাস নির্গুণ। এস্থানে একটু বিশেষ বুঝিবার বিষয় এই যে—বন, গ্রাম ও দ্যূতসদন প্রভৃতিতে বাস-ক্রিয়ার সহিত একাধিকরণতা প্রকাশ করা হইয়াছে। অর্থাৎ "বনং বাসঃ"—এইরূপ উল্লেখ করাতে "বনে বাস সাত্ত্বিক" এইরূপ আধার-আধেয়ভাবে উল্লেখ না করিয়া "বন ও বাস" ক্রিয়াকে একাধারে প্রকাশ করাতে এইরূপ অর্থটি প্রকাশ পাইতেছে যে, যেমন—"আয়ুর্ঘৃতং" অর্থাৎ "আয়ুই ঘৃত" আপাততঃ এইরূপ অর্থ ই বুঝায়। বস্তুতঃ ঘৃত অবশ্য আয়ুবৃদ্ধিকর। এইজন্য কার্য্য-আয়ুকে কারণ-ঘৃতের সহিত অভেদই উল্লেখ করা হয়—এস্থলেই তেমনি বুঝিতে হইবে। রজস্তমগুণের প্রাধান্যহেতু এস্থানে একটি প্রশ্ন এই উঠিতে পারে যে—বৃক্ষসমষ্টির নাম বন। সেই বৃক্ষসমূহ আবার রজঃ ও তমোগুণপ্রধান। তাহা হইলে সেই রজস্তমোগুণপ্রধান বনের সাত্ত্বিকত্ব কিরূপে হইতে পারে? ইহারই উত্তরে বলিতেছেন—বন যদ্যপি রজস্তমঃ প্রধান, তথাপি নির্জ্জন বলিয়া বনের একটা সাত্ত্বিকগুণ আছে। কিন্তু সাত্ত্বিকগুণ থাকিলেও রজস্তমোগুণ মিশ্রিত আছে বলিয়া বনের সেই নির্জ্জনতারূপ সাত্ত্বিকগুণও গৌণ; কিন্তু সেই বনে বাসক্রিয়াটি সত্ত্বগুণ হইতে উৎপন্ন এবং সত্ত্বগুণবর্দ্ধক বলিয়া সাত্ত্বিকধর্ম্মের মুখ্যত্ব। অর্থাৎ সাধকের